গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং ৪৬.৪৩.৬৯০৯.০০০.২০.০৩৭.১৪- 62

তারিখঃ ৩১ মে ২০১৮

বিষয় ঃ বাগাতিপাড়া উপজেলা পরিষদের ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট প্রনয়ণ, অনুমোদন ও প্রেরণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বাগাতিপাড়া উপজেলা পরিষদের ২০১৬-১৭ অর্থ বছরের প্রকৃত খরচ, ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৮-১৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রনয়ণপূর্বক নিম্নবর্ণিত সূচী মোতাবেক এতদসঙ্গে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

বাজেট সূচীঃ

| | | |
|---|---|---|
| ০১. | বাজেট সার সংক্ষেপ | ফরম-ক |
| ০২. | রাজস্ব প্রাপ্তি | ফরম-খ |
| ০৩. | রাজস্ব ব্যয় | অংশ-১ |
| ০৪. | উন্নয়ন প্রাপ্তি | অংশ-২ |
| ০৫. | উন্নয়ন ব্যয় | অংশ-৩ |
| ০৬. | পরিষদ কর্মকর্তা/কর্মচারীর বিবরণ | ফরম-গ |
| ০৭. | এডিপির বিশেষ প্রকল্প | ফরম-ঘ |
| ০৮. | হস্তান্তরিত বিভাগ সমূহের রাজস্ব ব্যয় | পরিশিষ্ট-১ |
| ০৯. | হস্তান্তরিত বিভাগ সমূহের উন্নয়ন ব্যয় | পরিশিষ্ট-২ |

সংযুক্ত ঃ ০৯(নয়) পাতা।

(মোছাঃ নাসরিন বানু)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর।
ফোন-০৭৭২২-৭২০০১।
ই-মেইল- unobagatipara@mopa.gov.bd

যুগ্মসচিব (উপজেলা)
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর।

## উপজেলা পরিষদের মে/১৭ মাসে অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর ।

স্থান ঃ "বড়াল" সভাকক্ষ বাগাতিপাড়া, নাটোর ।

তারিখ ঃ ৩১.০৫.২০১৭ খ্রিঃ, সময়- বিকাল ৪.০০ ঘটিকা ।

উপস্থিত সদস্য-পরিশিষ্ট 'ক'অনুপস্থিত সদস্য-পরিশিষ্ট 'খ'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা পরিষদের ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । সভাপতির আহবানের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনা করেন। গত ৩০.০৫.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট উপজেলা পরিষদের বিশেষ সভার পাঠ করে শুনান হয় । ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট সম্পর্কে আলোচনান্তে নিম্নোরুপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট সংক্রান্ত আলোচনা | উপজেলা পরিষদের বাজেট(প্রণয়ন ও অনুমোদন) এস,আর,ও নং ২২৬-আইন/২০১০(পৃষ্ঠা ৪০-৪১) উপজেলা পরিষদ ম্যানুয়াল জুলাই ২০১৩ এর নির্দেশনার পরিপ্রেক্ষিতে বাগাতিপাড়া উপজেলা পরিষদের ২০১৫-১৬ অর্থ বছরের প্রকৃত খরচ, ২০১৬-১৭ অর্থ বছরের প্রকৃত বাজেট এবং ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বাজেট প্রস্তত করা হয়েছে(পরিশিষ্ট-ক) । উপজেলা নির্বাহী অফিসার ২০১৫-১৬ অর্থ বছরের প্রকৃত খরচ, ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বাজেট পাঠ করে শুনান। ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বাজেট সম্পর্কে মতামত গ্রহণের জন্য উহা প্রতিটি ইউনিয়ন পরিষদ, পৌরসভা এবং স্থনীয় প্রেস ক্লাবে প্রেরণ করা হয়েছে । | বিস্তারিত আলোচনান্তে বাগাতিপাড়া উপজেলা পরিষদের ২০১৫-১৬ অর্থ বছরের প্রকৃত খরচ, ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট সভায় অনুমোদন করা হলো । | |
| ২ | ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বাজেট নিয়ে আলোচনা | জনাব মোঃ খাদেমুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে জানান ক্রীড়া ও সাংস্কৃতি উপ-খাতে বরাদ্দ বৃদ্ধির জন্য প্রস্তাব রখেন । | ২০১৬-১৭ অর্থ বছরে এ খাতে সকল স্কুল কলেজ মাদ্রাসায় এবং ক্লাবে ক্রীড়া সামগ্রী প্রদান করা হয়েছে এবং ২০১৭-১৮ অর্থ বছরেও বরাদ্দ রাখা হয়েছে । | উপজেলা প্রকৌশলী বাগাতিপাড়া, নাটোর । |
| ৩ | | জনাব মোঃ মাহাবুর ইসলাম(মিঠু), চেয়ারম্যান, ৪নং দয়ারামপুর ইউ,পি আলোচনায় অংশ গ্রহণ করে জানান ২০১৬-১৭ অর্থ বছরে বাগাতিপাড়া উপজেলার ঐতিহ্যবাহী পেশাজীবি তথা তাঁতিদের সহায়তার জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছিল। আগামী বছরে এই ধরণের প্রকল্প অব্যহত রাখার অনুরোধ জানান । | বাগাতিপাড়া উপজেলার ঐতিহ্যবাহী পেশাজীবিদের জন্য এ ধরণের প্রকল্প অব্যাহত থাকবে । | উপজেলা প্রকৌশলী বাগাতিপাড়া, নাটোর । |
| ৪ | | জনাব মোঃ মাহাতাব উদ্দিন, সভাপতি, বাগাতিপাড়া প্রেসক্লাব জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বাজেট বাগাতিপাড়া উপজেলার বিভিন্ন খাতের উন্নয়ন অন্তর্ভুক্ত হয়েছে। বাজেটটি আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান । | সরকারী বিধি অনুসরণ পূর্বক বাজেট বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো । | উপজেলা প্রকৌশলী বাগাতিপাড়া, নাটোর |
| ৫ | ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বাজেট অনুমোদন | ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বাজেটের কপি ইউনিয়ন পরিষদ, পৌরসভা এবং স্থানীয় প্রেসক্লাবে প্রেরণের প্রেক্ষিতে প্রাপ্ত মতামতসমূহ এর আলোচনা এবং উপস্থিত সদস্যগণের প্রস্তাব নিয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়। সকলেই ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বাজেটটিকে একটি যুগপযোগি বাস্তবমুখি ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি বাস্তবায়ন যোগ্য বাজেট বলে অভিহিত করেছেন । | বিস্তারিত আলোচনান্তে বাগাতিপাড়া উপজেলা পরিষদের ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল; সে সাথে উহা সংশ্লিষ্ট উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো । | উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া |

সভায় আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ হাফিজুর রহমান )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর ।

উপজেলা পরিষদ কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।
www.bagatipara.natore.gov.bd

তারিখঃ ৩১/০৫/২০১৭ খ্রিঃ

স্মারক নং-৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০১.১৬-৪৮২(৪০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, নাটোর।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

৬। উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/নলডাংগা/সিংড়া/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর।
৭। মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর।
৮। উপজেলা--------------------------অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
০। চেয়ারম্যান, পাঁকা/জামনগর/বাগাতিপাড়া/দয়ারামপুর/ফাগুয়াড়দিয়াড় ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর।
১০। অফিস নথি।

৩১/০৫/১৭

(মোঃ লিয়াকত আলী সেখ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর
ফোন-০৭৭২২-৭২০০১
ই-মেল unobagatipara@mopa.gov.bd